

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৮২৯

২৬/ ফাযায়েল

পরিচ্ছেদঃ আবূ বকর সিদ্দীক (রাঃ) এর মাহাত্ম্য

## আরবী

عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ قَالَ صَلَّى رَسُوْلُ اللهِ عَيْقِي صَلَاةَ الصَّبْحِ ثُمَّ أَقْبَلَ عَلَى النَّاسِ فَقَالَ بَيْنَا رَجُلُ يَسُوقُ بَقَرَةً إِذْ رَكِبَهَا فَضَرَبَهَا فَقَالَتْ إِنَّا لَمْ نُخْلَقْ لِهٰذَا إِنَّمَا خُلِقْنَا لِللهَ بَقَرَةً إِذْ رَكِبَهَا فَضَرَبَهَا فَقَالَ فَإِنِي أُومِنُ بِهٰذَا أَنَا وَأَبُو بَكْرٍ وَعُمَرُ وَمَا لِلْحَرْثِ فَقَالَ النَّاسُ سُبْحَانَ اللهِ بَقَرَةٌ تَكَلَّمُ فَقَالَ فَإِنِي أُومِنُ بِهٰذَا أَنَا وَأَبُو بَكْرٍ وَعُمَرُ وَمَا هُمَا ثَمَّ وَبَيْنَمَا رَجُلٌ فِي غَنَمِهِ إِذْ عَدَا الذِّنْبُ فَذَهَبَ مِنْهَا بِشَاةٍ فَطَلَبَ حَتَّى كَأَنَّهُ السَّبُعِ يَوْمَ لَا رَاعِيَ لَهَا السَّتُنْقَذَهَا مِنْهُ فَقَالَ لَهُ الذِّنْبُ هٰذَا السَّتُنْقَذْتَهَا مِنِي فَمَنْ لَهَا يَوْمَ السَّبُعِ يَوْمَ لَا رَاعِيَ لَهَا السَّبُعِ يَوْمَ لَا رَاعِيَ لَهَا غَيْرِي فَقَالَ النَّاسُ سُبْحَانَ اللهِ ذِنْبُ يَتَكَلَّمُ قَالَ فَإِنِي أُومِنُ بِهٰذَا أَنَا وَأَبُو بَكْرٍ وَعُمَرُ وَمَا هُمُا ثَمَّ هُمَا ثَمَّ

## বাংলা

(২৮২৯) আবূ হুরাইরা (রাঃ) বলেন, একদা ফজরের নামাযের পর লোকেদের দিকে ফিরে বসে মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, "এক ব্যক্তি একটি গরুর উপর মাল রেখে চালাতে চাইল। তার উপর সওয়ার হয়ে তাকে মারতে লাগল। গরুটি তার দিকে ফিরে মুখে বলল, 'আমি এ জন্য সৃষ্টি হইনি। আমি তো চাষের জন্য সৃষ্টি হয়েছি।'

লোকেরা শুনে অবাক হয়ে বলে উঠল, 'সুবহানাল্লাহ! গরু কথা বলে?!'

মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, আমি, আবূ বকর ও উমার এ কথা বিশ্বাস করি।

একদা একটি লোক তার ছাগপালের মাঝে ছিল। ইত্যবসরে একটি নেকড়ে বাঘ পালে হানা দিয়ে একটি ছাগল ধরে নিয়ে যেতে লাগল। লোকটি বাঘের পিছে ধাওয়া ক'রে ছাগলটিকে ছাড়িয়ে নিল। নেকড়েটি তাকে বলল, 'আজ ওকে বাঁচিয়ে নিলে। কিন্তু সিংহ আক্রমণের দিনে ওকে কে বাঁচাবে, যেদিন আমি ছাড়া ওর কোন রাখাল থাকবে না। (তুমিও ভয়ে পালাবে।)'

লোকেরা এ কথা শুনে অবাক হয়ে বলে উঠল, 'সুবহানাল্লাহ! নেকড়ে কথা বলে?!'



মহানবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেন, আমি, আবূ বকর ও উমার এ কথা বিশ্বাস করি। বর্ণনাকারী বলেন, এ কথা বলার সময় আবূ বকর ও উমার সেখানে উপস্থিত ছিলেন না।

## ফুটনোট

(বুখারী ৩৪৭১, মুসলিম ৬৩৩৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন